বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৭৭

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ / ১৬ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বিএসইসি চেয়ারম্যানের সঙ্গে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) প্রতিনিধিদলের বৈঠক।

অদ্য ১৬ নভেম্বর ২০২৬ রোজ সোমবার তারিখে রাজধানীর আগারগাঁওয়ে বিএসইসির কার্যালয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) চেয়ারম্যান মাসুদ খানের সঙ্গে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদলের বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

বৈঠকে বিএসইসির চেয়ারম্যান দেশের পুঁজিবাজারের উন্নয়ন, সম্প্রসারণ ও আধুনিকায়নে বর্তমান কমিশনের গৃহীত বিভিন্ন উদ্যোগ এবং ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন। এ সময় দেশের পুঁজিবাজারের উন্নয়ন, বেসরকারি খাতের বিকাশে পুঁজিবাজারের ভূমিকা বৃদ্ধি এবং বিনিয়োগের নতুন সুযোগ সৃষ্টির বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়।

বৈঠকে এডিবির প্রতিনিধিদল বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়ন ও বিকাশে কাজ করার আগ্রহ প্রকাশ করে। এ ক্ষেত্রে পুঁজিবাজারের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি, বেসরকারি খাতের উন্নয়ন এবং সরকারি-বেসরকারি অংশীদারত্ব (Public-Private Partnership-PPP) জোরদারের সম্ভাব্য ক্ষেত্রগুলো নিয়েও আলোচনা হয়। বিএসইসির পক্ষ থেকে বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়নে এডিবির সহযোগিতামূলক উদ্যোগে প্রয়োজনীয় সহায়তা প্রদানের আশ্বাস দেওয়া হয়। বৈঠকে উভয় পক্ষের মধ্যে বিভিন্ন বিষয়ে ফলপ্রসূ আলোচনা অনুষ্ঠিত হয়।

বৈঠকে এডিবির প্রতিনিধিদলের নেতৃত্ব দেন সংস্থাটির Office of Markets Development and Public-Private Partnership (OMDP)-এর প্রধান টাকেও কোইকে (Takeo Koike)। প্রতিনিধিদলে আরও উপস্থিত ছিলেন এডিবির বাংলাদেশ আবাসিক মিশনের কান্ট্রি ডিরেক্টর চিংফেং ঝাং (Qingfeng Zhang), ডেপুটি কান্ট্রি ডিরেক্টর আকিরা মাতসুনাগা (Akira Matsunaga), প্রাইভেট সেক্টর অপারেশনস বিভাগের সিনিয়র অ্যাডভাইজার ক্রেইগ লি রবার্টস (Craig Lee Roberts), সাউথ এশিয়া ডিপার্টমেন্টের প্রাইভেট সেক্টর ডেভেলপমেন্টের রিজিওনাল হেড শুজি হাশিজুমে (Shuji Hashizume)সহ এডিবির বিভিন্ন পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তারা।

বিএসইসির পক্ষে বৈঠকে উপস্থিত ছিলেন কমিশনার তানভীর হাবিব রহমান, সিপিএ এবং কমিশনার মোঃ নাফিজ আল তারিক, সিএফএ, এফআরএমসহ কমিশনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১৬/১১/২০২৬

মোঃ আবুল কালাম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



